

সূত্র: ২৮.১৯.০০০০.৩০৩.৪৯.০০২.২২-২০৬২

তারিখ: ২ ডিসেম্বর ২০২২

বিষয়: আরপিজিসিএল-এর ২০২২-২০২৩ অর্থবছরের শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা অনুযায়ী ২য় কোয়ার্টারে (অক্টোবর-ডিসেম্বর) অংশীজনের (stakeholders) অংশগ্রহণে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী।

- সভাপতি : জনাব যাবেদ চৌধুরী,
ব্যবস্থাপনা পরিচালক ও সভাপতি, নৈতিকতা কমিটি, আরপিজিসিএল।
- তারিখ : ৩০ নভেম্বর ২০২২, বুধবার
- সময় : বেলা ১২-০০ টা
- স্থান : অনলাইন জুম প্ল্যাটফর্ম।
- উপস্থিতি : রেকর্ডেড

২। আলোচনা:

- ২.১। সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে সভায় কোম্পানির উপমহাব্যবস্থাপক (এইচআর) ও নৈতিকতা কমিটির ফোকালপয়েন্ট আরপিজিসিএল-এর শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২২-২০২৩ এর ১.৩ নং কার্যক্রম বাস্তবায়নের অংশ হিসেবে সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের (stakeholders) অংশগ্রহণে অনুষ্ঠিত সভার কার্যপত্র উপস্থাপন করেন। সভায় এপিএ বাস্তবায়ন নির্দেশিকা অনুযায়ী শুদ্ধাচার কর্মপরিকল্পনার আওতায় অংশীজনের সভায় শুদ্ধাচারসহ সিটিজেন চার্টার, অভিযোগ প্রতিকার ব্যবস্থা (জিআরএস) ও তথ্য অধিকার আইন (আরটিআই) বিষয়ে সংশ্লিষ্ট ফোকালপয়েন্টবৃন্দ তথ্য অবহিত করেন।
- ২.২। সভায় সিএনজি সংক্রান্ত কাজে নিয়োজিত একজন অংশীজন অবহিত করেন যে, সিএনজি কনভারশন এবং স্টেশন পরিচালনার জন্য আমদানিকৃত মালামাল শুল্কসুবিধার আওতায় ছাড়করণের ক্ষেত্রে আরপিজিসিএল-এর মাধ্যমে জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের প্রত্যয়নপত্রের প্রয়োজন হয়। এক্ষেত্রে আগের চেয়ে তুলনামূলক বেশি সময় লাগছে। ফলে অনেকক্ষেত্রে অপারেশনাল কার্যক্রমে বিলম্বসহ বিলম্বশুল্ক পরিশোধ করতে হচ্ছে। এ বিষয়ে মহাব্যবস্থাপক (সিএনজি) উল্লেখ করেন যে, সিএনজি সংক্রান্ত মালামাল ছাড়করণের জন্য দাখিলকৃত ডকুমেন্টসহ আবেদনপত্র বর্তমানে পেট্রোবাংলার মাধ্যমে জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগে ই-নথিতে প্রেরণ করা হয়ে থাকে। সম্মানিত গ্রাহকদের দাখিলকৃত ডকুমেন্ট যথাযথ ও বিধানাবলির সঙ্গে সামঞ্জস্যপূর্ণ থাকলে প্রক্রিয়াকরণ দ্রুত হয়। সিএনজি গ্রাহকগণ যাতে আরও দ্রুততার সঙ্গে প্রত্যয়নপত্র পেতে পারেন সেবিষয়ে প্রচেষ্টা অব্যাহত থাকবে।
- ২.৩। সভায় অপর একজন অংশীজন অবহিত করেন যে, মানিকগঞ্জ এলাকায় তাদের একটি সিএনজি স্টেশন চলমান রয়েছে। বর্তমানে অধিকাংশ সময়ে প্রয়োজনীয় গ্যাসের চাপ থাকে না। এতে প্রতিষ্ঠানের আর্থিক ক্ষতি হচ্ছে। সিএনজি গ্রাহকরাও ভোগান্তিতে পড়ছে। এ থেকে উত্তরণে ব্যবস্থা নেওয়ার জন্য অনুরোধ করা হয়। এ বিষয়ে মহাব্যবস্থাপক (সিএনজি) বলেন যে, বিষয়টি গ্যাস ডিস্ট্রিবিউশন কোম্পানির সঙ্গে সম্পৃক্ত। পেট্রোবাংলার মহাব্যবস্থাপক (পরিকল্পনা কৌশল) এ প্রসঙ্গে অবহিত করেন যে, বর্তমানে বৈশ্বিক পরিস্থিতিতে জ্বালানি সংকট রয়েছে। চাহিদার তুলনায় জাতীয় গ্রিডে গ্যাস সরবরাহের পরিমাণ অপ্রতুল। গ্যাসের অভ্যন্তরীণ উৎস থেকে প্রাপ্ত গ্যাসসহ চাহিদা পূরণে এলএনজি আমদানি করে সাবসিডি দিয়ে গ্রাহকদের গ্যাস সরবরাহ করা হচ্ছে। সম্প্রতি বিশ্বব্যাপী জ্বালানির মূল্য বেড়ে যাওয়ায় এলএনজি আমদানির পরিমাণ কমাতে হয়েছে। ফলে, গ্যাস সরবরাহে সাময়িক সমস্যা হচ্ছে। আশা করা যায়, অদূর ভবিষ্যতে এ সংকট উত্তরণ করা সম্ভব হবে।
- ২.৪। সভায় পেট্রোবাংলার কোম্পানিসমূহের মধ্যে পিজিসিএল, জালালাবাদ, বিজিডিসিএল, এসজিসিএল ও এসজিএফএল-এর প্রতিনিধিবৃন্দ তাঁদের স্ব স্ব কর্মপরিকল্পনার অগ্রগতি অবহিত করেন। এছাড়া, কোম্পানির মহাব্যবস্থাপক (প্রশাসন), মহাব্যবস্থাপক (অপারেশন), কোম্পানি সচিব, মহাব্যবস্থাপক (পিঅ্যান্ডডি) ও এপিএ বাস্তবায়ন টিম প্রধান কোম্পানির বিভিন্ন কার্যক্রম এবং সেবা সম্পর্কে আলোচনা করেন।
- ২.৫। আরপিজিসিএল-এর ব্যবস্থাপনা পরিচালক ও সভাপতি বলেন, প্রাতিষ্ঠানিক সুশাসন প্রতিষ্ঠায় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার আওতায় অংশীজনের অংশগ্রহণে অনুষ্ঠিত সভা অত্যন্ত গুরুত্বপূর্ণ। এর মাধ্যমে স্বচ্ছতা, জবাবদিহি এবং পারস্পরিক সৌহার্দ্য আরও বাড়বে। কোনো প্রতিষ্ঠানে শুদ্ধাচার প্রতিষ্ঠা করতে পারলে নিঃসন্দেহে তা ইতিবাচক প্রভাব ফেলে। বার্ষিক কর্মসম্পাদন চুক্তির আওতায় শুদ্ধাচার কৌশল, ইনোভেশন, সিটিজেন চার্টার, তথ্য অধিকার ও অভিযোগ প্রতিকার ব্যবস্থা এক্ষেত্রে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করছে।



পাতা ১/২




২.৬। সভায় অভিমত ব্যক্ত করা হয় যে, আরপিজিসিএল-এর সেবা প্রদান প্রতিশ্রুতি অনুযায়ী সিএনজি কনভারশন, সিলিভার রিটেস্ট ও ব্যাক-আপ সার্ভিসের ক্ষেত্রে সেবাগ্রহীতার মতামতকে গুরুত্ব প্রদান, নাগরিকদের অভিযোগ পাওয়া গেলে প্রতিকারের ব্যবস্থা করাসহ কর্মক্ষেত্রে স্বচ্ছতা ও জবাবদিহি নিশ্চিতকরণের লক্ষ্যে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা প্রয়োজন।

৩। সভায় বিস্তারিত আলোচনার পর নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়:

- ক) আমদানিকৃত সিএনজি সংক্রান্ত মালামাল ছাড়করণের জন্য গ্রাহকদের দাখিলকৃত ডকুমেন্ট যথাযথ ও বিধানাবলির সঙ্গে সামঞ্জস্যপূর্ণ থাকলে অধিকতর দ্রুততার সঙ্গে জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের প্রত্যয়নপত্র সংগ্রহের বিষয়ে প্রচেষ্টা অব্যাহত রাখতে হবে;
- খ) কোম্পানির সিটিজেন চার্টার মোতাবেক সিএনজি কনভারশন, সিলিভার রিটেস্ট ও ব্যাক-আপ সার্ভিসের ক্ষেত্রে সেবাগ্রহীতার অভিযোগ/মতামতকে গুরুত্ব দিয়ে যথাযথ সেবা প্রদান করতে হবে।

৪। সভায় আর কোনো আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কার্যক্রম সমাপ্তি ঘোষণা করেন।


(যাবেদ চৌধুরী)

ব্যবস্থাপনা পরিচালক ও

সভাপতি, নৈতিকতা কমিটি, আরপিজিসিএল।

